CONTEMPORARY INDIAN PHILOSOPHY

BA

Fifth Semester

[Bengali Edition]

Directorate of Distance Education

TRIPURA UNIVERSITY

Reviewer

Nitai Tudu

Assistant Professor, Department of Philosophy, Mohisadal Girls College, Purbo Midnapur

Author/Translator: Abhijit Baccher, Assistant Professor Department of Philosophy, Mohisadal Girls College, Purba Midnapur
Copyright © Reserved, 2018

Books are developed, printed and published on behalf of **Directorate of Distance Education, Tripura University** by Vikas Publishing House Pvt. Ltd.

All rights reserved. No part of this publication which is material, protected by this copyright notice may not be reproduced or transmitted or utilized or stored in any form of by any means now known or hereinafter invented, electronic, digital or mechanical, including photocopying, scanning, recording or by any information storage or retrieval system, without prior written permission from the DDE, Tripura University & Publisher.

Information contained in this book has been published by VIKAS® Publishing House Pvt. Ltd. and has been obtained by its Authors from sources believed to be reliable and are correct to the best of their knowledge. However, the Publisher and its Authors shall in no event be liable for any errors, omissions or damages arising out of use of this information and specifically disclaim any implied warranties or merchantability or fitness for any particular use.

Vikas® is the registered trademark of Vikas® Publishing House Pvt. Ltd.

VIKAS® PUBLISHING HOUSE PVT. LTD.
E-28, Sector-8, Noida - 201301 (UP)
Phone: 0120-4078900 • Fax: 0120-4078999
Regd. Office: 7361, Ravindra Mansion, Ram Nagar, New Delhi – 110 055
• Website: www.vikaspublishing.com • Email: helpline@vikaspublishing.com

সিলেবাস বই ম্যাপিং টেবিল

সিলেবাস	বইম্যাপিং
প্রথম একক :	**একক -১**
স্বামী বিবেকানন্দ (কর্মযোগ)	পৃষ্ঠা (1 - 44)
দ্বিতীয় একক :	**একক - ২**
স্বামী বিবেকানন্দ (জ্ঞানযোগ)	পৃষ্ঠা (45 - 56)
তৃতীয় একক :	**একক - ৩**
বি. আর. আম্বেদকর - ১	পৃষ্ঠা (57 - 72)
চতুর্থ একক :	**একক - ৪**
বি. আর. আম্বেদকর - ২	পৃষ্ঠা (72 - 110)

সূচীপত্র

প্রথম একক : **পৃষ্ঠা (1 - 44)**

স্বামী বিবেকানন্দ (কর্মযোগ)

দ্বিতীয় একক : **পৃষ্ঠা (45 - 56)**

জ্ঞানযোগ

তৃতীয় একক : **পৃষ্ঠা (57 - 72)**

বি. আর. আম্বেদকর - ১

চতুর্থ একক : **পৃষ্ঠা (73 - 110)**

বি. আর. আম্বেদকর - ২

টিপ্পনী

টিপ্পনী

মুখবন্ধ / ভূমিকা

সমসাময়িক ভারতীয় দর্শনে প্রচুর চিন্তাবিদদের প্রভব লক্ষ্যনীয়। এর মুল উদ্দেশ্য হল বর্তমান সময়ে ভারতবর্ষের রাজনীতিকে যথার্থ অর্থে অনুধাবন করা। এখানে প্রাচীন রাজনৈতিক চিন্তাবিদদের অনুপ্রেরণায় সার্বিক ধারনার বিশ্লেষণ করা হয়েছে। এই বইতে স্বামীবিবেকানন্দ ও আম্বেদকরের ধারনা কে আলোচনা করা হয়েছে।

টিপ্পনী

টিপ্পনী

একক ১ :: স্বামী বিবেকানন্দ (কর্মযোগ)

গঠন :

১.০. ভূমিকা

১.১. বিভাগের উদ্দেশ্য

১.২. স্বামী বিবেকানন্দ : অতীত জীবন

১.২.১. ব্রাহ্মসমাজে যোগদান

১.২.২ বিবেকানন্দর উপর রামকৃষ্ণের প্রভাব

১.২.৩. রামকৃষ্ণ মঠের স্থাপন

১.২.৪. একজন ভ্রাম্যমান প্রচারক

১.২.৫. বিশ্বধর্মসভায় অধিবেশ

১.৩. স্বামী বিবেকানন্দের দ্বারা কর্মযোগ

১.৩.১ কর্ম এবং চরিত্রের উপর তার প্রভাব

১.৩.২. নিজ নিজ কর্মক্ষেত্রে প্রত্যেকে মহান

১.৩.৩. কাজের গোপন রহস্য

১.৩.৪. কর্তব্যের ধারণা

১.৪. প্রশ্নাবলী ও অনুশীলন

টিপ্পনী

১.০. ভূমিকা :

উনবিংশ শতাব্দীতে স্বামী বিবেকাননন্দ, শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের একজন অতীন্দ্রবাদী প্রধান শিষ্য ছিলেন। ইনি রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রতিষ্ঠাতা। পাশ্চাত্য জগতের সঙ্গে তিনি হিন্দু দর্শনের বিশেষত বেদান্ত ও যোগের পরিচয় ঘটান তাঁর কৃতিত্বের দ্বারা তিনি বিশ্বধর্মসভায় হিন্দুধর্মকে প্রধান ধর্ম হিসাবে আস্থাযোগ্য ও সচেনতনতা বৃদ্ধি করেন। বর্তমান ভারতবর্ষে হিন্দুধর্মকে পুনরুজ্জীবিত করতে তিনিই ছিলেন শ্রেষ্ঠ। ১৮৯৩ সালে শিকাগো শহরে বিশ্বধর্মসভায় তিনি তাঁর বক্তৃতার মাধ্যমে হিন্দু ধর্মকে তুলে ধরেন। স্বামী বিবেকানন্দ দ্বারা প্রচারিত ধারণাগুলি এই অংশটিতে

টিপ্পনী

বর্ণিত হয়েছে।

কর্মযোগ, রাজযোগ, ভক্তিযোগ এবং জ্ঞানযোগ এই চারপ্রকার যোগের মধ্যে কর্মযোগ হল অণ্যতম। এই চার প্রকার যোগের একে অপরের সঙ্গে ওতপ্রোতভাবে সম্পর্ক না থাকলেও কর্মযোগ ও ভক্তিযোগের মধ্যে একপ্রকার সম্পর্ক আছে। এরা বিশ্বের সমস্ত মানুষের বিভিন্ন ধরণের মনের মধ্যে যুক্ত হয়, কিন্তু প্রায়ই তাদের আচরণগত মিলের জন্য অনেক ধরণের মানুষ লক্ষ্য করা যায়।

যোগগুলির বিভিন্ন ধরনের চরিত্রের দ্বারা একে অপরের সঙ্গে পার্থক্য করা যায়। সকল যোগের মূল লক্ষ্য হল জগৎ থেকে স্বাধীনভাবে আমাদের জীবনের সমস্ত দুঃখ ও কষ্ট থেকে মুক্তি লাভ। কর্মযোগ সেই যোগকর্মকেই নির্ধারণ করে যার শিক্ষা আমরা ভগবৎগীতা থেকেই পাই। এর অর্থ ব্যাক্তি তার নিস্কাম কর্মের দ্বারাই পরিপূর্ণতা অর্জণ করে।

এই বিভাগে কর্মযোগের ধারণাটি বিশদভাবে আলোচিত হয়েছে। একজন কর্মযোগীর অপরিহার্য্য বৈশিষ্ট্য এবং দুঃখ মুক্তির পথকে বিশ্লেষণ করা হয়েছে এরই সঙ্গে কতর্ব্যের ধারণা এবং নিয়ম ও স্বাধীনতার ধারণা আলোচিত হয়েছে।

১.১. বিভাগের উদ্দেশ্য :

বিভাগটি পড়ার পর তুমি অবশ্যই বুঝতে সক্ষম হবে -

আধুনিক ভারতে বিবেকানন্দকে একজন দার্শনিক হিসাবে চিহ্নিত করতে পারবে।

রামকৃষ্ণ ও স্বামী বিবেকানন্দর প্রভাব সম্পর্কে আলোচনা করতে সক্ষম হবে।

স্বামী বিবেকানন্দের কর্মযোগের ধারণা সুস্পষ্ট হবে।

একজন কর্মযোগী যে কর্মযোগ অনুশীলন করে, তার ব্যাখ্যা করতে সমর্থ হবে।

সেইসব পন্থা ও পথসকল যার দ্বারা একজন স্বতন্ত্র মানুষ তার দুঃখ কষ্ট হতে মুক্তি পায় এগুলি বর্ণনা করতে সক্ষম হবে।

ভগবতগীতার প্রসঙ্গ সম্বন্ধীয় কর্তব্যের সার্বিক ধারণা সম্বন্ধে বর্ণনা করতে সক্ষম হবে।

নিয়ম ও স্বাধীনতা সম্বন্ধে বর্ণনা করতে সক্ষম হবে।

১.২. স্বামী বিবেকানন্দ : পূর্ব জীবন

স্বামী বিবেকানন্দ ১৮৬৩ সালের ১২ই জানুয়ারি ক্যালকাটায় (অধুনা কলকাতা) জন্মগ্রহণ করেন, এক ঐতিহ্যবাহি কায়স্থ পরিবারে এবং তার পূর্বনাম ছিল নরেন্দ্রনাথ দত্ত। বাল্যকাল হতেই নরেন্দ্রনাথের বিভিন্ন বিষয়ের প্রতি আগ্রহ ছিল এবং তিনি বিভিন্ন বিষয়ে যেমন - দর্শন, ধর্ম, ইতিহাস, সমাজবিজ্ঞান, কলা, সাহিত্য এবং অণ্যান্য বিষয়ে বৃত্তি পান। তাঁর আগ্রহ সৃষ্টি হয়, হিন্দু শাস্ত্রের প্রতি যেমন - বেদ, উপনিষদ, ভগবত গীতা এবং রামায়ণ ও মহাভারত ও পুরাণসমূহের প্রতি। এমনকি তিনি যখন যুবক ছিলেন তখন তিনি প্রশ্ন করতেন বিভিন্ন অন্ধবিশ্বাস ও কুঃসংস্কারের প্রতি। ধর্ম হতে সৃষ্ঠ হওয়া পৃথকতা এবং তিনি নিজে বুদ্ধিদীপ্ত প্রমাণ ছাড়া ও হাতেনাতে প্রমাণ ছাড়া কোনোকিছু বিশ্বাস করতেন না।

১৮৭৭ সালে দুইবছরের জন্য নরেন্দ্রনাথের পরিবার রায়পুরে স্থানান্তরিত হন। সেখানে কোনো ভালো স্কুল ছিল না, নরেন্দ্রনাথের এই সময়টি কেটেছে তার পিতামাতার কাছে আধ্বাত্মবিষয়ে আলোচনার মধ্যে দিয়ে। প্রথমই তাঁর মনে ঈশ্বরেদর অস্তিত্ব বিষয়ে প্রশ্ন জাগে। ১৮৭৯ সালে তাঁর পরিবার আবার কলকাতায় ফিরে আসে। নরেন্দ্রনাথ বিশ্বাস করতেন যে এই দুটি করেই তাঁর জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়।

১.২.১. ব্রাহ্মসমাজে যোগদান :

নরেন্দ্রনাথ তাঁর শিক্ষা নিজগৃহেই শুরু করেন। পরে তিনি ১৮৭১ সালে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মেট্রোপলিটন ইনস্টিটিউটে ভর্তি হন এবং একইসঙ্গে সাধারণ ধর্মসভা প্রতিষ্ঠানে যুক্ত হন। এই বছরগুলির মধ্যেই তিনি ইউরোপের ইতিহাস পড়েন এবং একইসঙ্গে পাশ্চাত্য যুক্তি ও দর্শনও পড়েন, একই সঙ্গে ডেভিড হিউমের লেখা, ইমানুয়েল কান্টের লেখা, অগাস্টান কামটের লেখা, হারবার্ট স্পেনসারের লেখা, স্টার্ট স্টুয়ার্ড মিলের লেখা এবং ডারউনের লেখা তিনি পড়েন।

নরেন্দ্রনাথের প্রাথমিক বিশ্বাস গঠিত হয় ব্রাহ্ম ধারণার উপর যা আকারহীন ঈশ্বরের উপর এবং উপাস্য বস্তুর গম্ভীরতার উপর সংযুক্ত ছিল। তিনি নিজের দর্শনের

টিপ্পনী

জ্ঞানের প্রতি সন্তুষ্ট ছিলেন না । তিনি অবাক হতেন একজনের অভিজ্ঞতা ও আন্তঃধারণার দ্বারা কিভাবে ঈশ্বর ও ধর্ম একটা অংশ হয়ে উঠতে পারে। নরেন্দ্রনাথ সমসাময়িক কলকাতার বীশিষ্ট বাসিন্দাদের কাছে জানতে চেয়েছিলেন যে আরা কি ঈশ্বরের মুখোমুখি হয়েছেন কিন্তু তাঁর কোনো সন্তোষজনক উত্তর তিনি পাননি।

টিপ্পনী

রামকৃষ্ণের সঙ্গে তাঁর প্রথম সাহিত্যে আলাপচারিতা আরম্ভ হয় একটি সাহিত্যের সভায়, যা ছিল একটি সাধারণ জনসভা। যখন অধ্যক্ষ সম্মানিত হচ্ছিলেন W. Hastie তাঁর ছাত্রদের বলেছিলেন যদি তারা বোধি বা সম্মোহ সম্পর্কে হানতে চায় তাহলে তাদের রামকৃষ্ণের কাছে যাওয়া উচিত। তারা নরেন্দ্রনাথকে রামকৃষ্ণের কাছে যাওয়ার জন্য উৎসাহিত করে।

১.২.২. বিবেকানন্দের উপর রামকৃষ্ণের প্রভাব :

রামকৃষ্ণের সঙ্গে বিবেকানন্দের প্রথম সাক্ষাৎ এইরূপ ছিল -

" প্রভুর স্পর্শ যাদুর মতোন কাজ করল, আমার মনের মধ্যে একটা অদ্ভুত পরিবর্তন আনল, আমি অবাক হলাম যে এই বিশ্বপৃথিবীতে ভগবান ছাড়া কিছুই নেই। সবকিছুই আমি ব্রাহ্মণ দেখতে লাগলাম আমি অনুভব করতে পারলাম যে আমি অদ্বৈত অধ্যায়ের ছোঁয়া পেয়েছি। এটা আমাকে এতটাই আঘাত করল যে আমি বুঝতে পারলাম বইতে লেখাগুলি ভুল নয়। সেখান থেকে আমি কোনদিনই অদ্বৈত দর্শনের উপসংহার বা শেষ বিবৃতিকে অস্বীকার করতে পারিনি।

১৮৮১ সালে নরেন্দ্রনাথের সঙ্গে শ্রীরামকৃষ্ণের সাক্ষাৎই তাঁর জীবনের নতুন দিগন্তের সূচনা করে। তাঁর সাফল্য সম্পর্কে নরেন্দ্রনাথ বলেছিলেন শ্রীরামকৃষ্ণ যদি একজন সাধারণ মানুষের মতোন দেখতে এবং তার মধ্যে উল্লেখযোগ্য কিছুই নেই। ব্যবহার করতেন সবচেয়ে সাধারণ ভাষা আমি ভাবতাম যে এই মানুষটি কি একজন মহান মানুষ হতে পারে। আমি তাঁর কাছে প্রায় হাতে ভর করেই গেলাম ও জিজ্ঞাসা করলাম যা আমি আমার জীবনের অনেককেই জিজ্ঞাসা করেছি - আপনি কি ভগবানে বিশ্বাস করেন, তিনি বললেন 'হ্যাঁ'। আপনি কি এটা প্রমাণ করতে পারবেন - "হ্যাঁ"। কিন্তু কেমন করে? কারণ আমি তাকে দেখি ঠিক যেমন আমি তোমাকে এখানে দেখছি শুধুমাত্র উপলব্ধির ব্যাপার। এটা আমাকে খুব অভিভূত করেছে। এরপর আমি দিনের পর দিন আসা শুরু

করলাম এই মানুষটির কাছে এবং আমি সেই ধর্ম গ্রহণ করলাম যা তিনি দিতে চেয়েছিলেন। একটা স্পর্শ। একটা দৃষ্টিভঙ্গি পরিবর্তিত করে দিতে পারে একটি সমগ্র জীবনকে।"

একদম প্রথমে নরেন্দ্রনাথ রামকৃষ্ণকে তার গুরু হিসাবে গ্রহণ করেননি - তিনি সবসময় তাঁর মতাদর্শের বিপক্ষে যেতেন কিন্তু আস্তে আস্তে তিনি তাঁর ব্যাক্তিত্বের দ্বারা আকর্ষিত হন এবং তাঁর সঙ্গে প্রায়ই সাক্ষাৎ করতে শুরু করলেন। ব্রাহ্মসমাজের সদস্য হওয়ার জন্য তিনি মূর্তিপূজা ও বহু ঈশ্বরবাদের বিরুদ্ধে সেচ্চার হয়ে ওঠেন সেইসঙ্গে তিনি রামকৃষ্ণের কালী উপাসনার প্রতি বিরুদ্ধাচারণ করেন। এমনকি তিনি বেদান্তের পরিচয়কেও অস্বীকার করেন পাগলামির অতিরঞ্জকতা হিসাবে।

যদিও নরেন্দ্রনাথ একদম প্রথমে রামকৃষ্ণ এবং তাঁর মতামতকে গ্রহণ করতে পারেননি কিন্তু তিনি তাঁর মত্যমতকে একদম মান থেকে উড়িয়াও দিতে পারেননি। এটা নরেন্দ্রনাথের প্রকৃতিতেই ছিল যে পরীক্ষা নীরিক্ষা না করে কোনো কিছু বিশ্বাস করতে নেই। তিনি রামকৃষ্ণকে পরীক্ষা করতেন যিনি কখনোই নরেন্দ্র নাথকে তাঁর যুক্তিবাদী মনস্কতাকে ত্যাগ করতে বলেননি এবং তিনি নরেন্দ্রনাথের সমস্ত যুক্তি ও পরীক্ষাকে ধৈর্য্যের সাথে মোকাবিলা উত্তীর্ণ হন। পাঁচবছরের রামকৃষ্ণের শিষ্যত্ব জীবনে নরেন্দ্রনাথ যিনি অতীতে অস্থির, হতবুদ্ধিকর, উৎভ্রান্ত, অধৈর্য্যবান যুবক ছিলেন - তিনি ভগবানের মস্তিস্ক খোঁজার জন্য সবকিছুই ত্যাগ করতে বদ্ধপরিকর ছিলেন। একসময়ে নরেন্দ্রনাথ রামকৃষ্ণকে গুরু বলে মেনে নিলেন - তিনি নিজেকে তাঁর কাছে সমর্পন করলেন।

শ্রীরামকৃষ্ণের শেষসময়ে বিবেকানন্দ ও কিছু শিষ্যগণ রামকৃষ্ণের কাছ থেকে গেরুয়া সন্যাস বস্ত্র গ্রহণ করেন এবং রামকৃষ্ণের নির্দেশে প্রথম সন্যাসী গঠিত হয়। বিবেকানন্দ চিন্তা করেছিলেন যে মানুষ সেবাই হল সবচেয়ে গুরুত্বপূর্ণ ঈশ্বর সেবা। রামকৃষ্ণ বিবেকানন্দকে বলেছিলেন যে অণ্য সকল শিষ্যদের প্রতি যত্নবান হতে এবং তাদের পরিচালনা করতে।

১.২.৩. রামকৃষ্ণ মঠের উৎপত্তি :

শ্রীরামকৃষ্ণের মৃত্যুর পর বিবেকানন্দ তাঁর নেতৃত্বে সন্যাস শিষ্যদের নিয়ে গঙ্গার নিকটবর্তী বরানগরে এক অর্ধভাঙ্গা বাড়ীতে প্রথম রামকৃষ্ণ মঠের প্রতিষ্ঠা করেন। এই

টিপ্পনী

টিপ্পনী

ভবনটি ছিল শিষ্যদের প্রথম আশ্রম, এখানেই শ্রীরামকৃষ্ণের আদর্শে শিষ্যরা সন্ন্যাসধর্মের নিয়মগুলি পালন করতে শুরু করেন।

নরেন্দ্রনাথ ও মঠের অণ্য শিষ্যরা প্রায়ই বিভিন্ন ধরণের দার্শনিক আলোচনা এবং রামকৃষ্ণদেব, শংকর,রামানুজ, যিশুখ্রীষ্ট বিভিন্ন বিশিষ্ট বিশিষ্ট ব্যাক্তির আদর্শে আধ্যাত্মিক শিক্ষাগ্রহণ ও ধ্যানের মধ্য দিয়ে সময় অতিবাহিত করতেন। ১৮৮৭ সালের শুরুতে নরেন্দ্রনাথ ও আটজন শিষ্য সন্ন্যাস ধর্মের নিয়ম নিষ্ঠা পালনের জন্য প্রতিজ্ঞাবদ্ধ হন। অতীতজীবন পরিত্যাগ করে নরেন্দ্রনাথ সন্ন্যাস জীবনে "স্বামী বিবিদিশানন্দ" নামটি গ্রহণ করেন। কিন্তু পরবর্তী সময়ে ক্ষেত্রের মহারাজ অজিত সিং তাঁকে 'বিবেকানন্দ' নামে ভূষিত করেন।

১৮৯৯ সালে জানুয়ারি মাসে মঠটি বেলুরে স্থানান্তরিত হয়।

১.২.৪. প্রচারের জন্য দীর্ঘ পরিক্রমা :

১৮৮৮ সালে বিবেকানন্দ সন্ন্যাস পরিব্রাজক হয়ে হিন্দু ধর্মীয় জীবন প্রচার করতে বিভিন্ন স্থানে কিরণ করেন। তাঁর একমাত্র নিজস্ব বলতে ছিল কমন্ডুল বা জলপাত্র; লাঠি এবং তাঁর দুটি প্রিয় বই ভগবতগীতা ও দ্যা ইমিস্টেপন অফ খ্রীষ্ট (The Imitation of Christ) । নরেন্দ্রনাথ পাঁচ বছর ধরে ভ্রমণকালে বিভিন্ন শিক্ষণীয় স্থান পরিদর্শন করেছেন এবং বিভিন্ন ধর্মীয় ও সামাজিক জীবন সম্পর্কে নিজেকে সমৃদ্ধ করেছেন। আপামর জনগণের দুঃখ কৎয়ঠ দেখে তিনি দেশকে উন্নত জায়গায় নিয়ে যাওয়ার জন্য দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ হন। তিনি ভিক্ষাবৃত্তির দ্বারা জীবন অতিবাহিত করতেন এবং পদব্রজে সমগ্র দেশ পরিদর্শন করেন। ভ্রমণকালে তাঁর অনুগামীরাই তাঁর ব্যবহারে মুগ্ধ হয়ে ট্রেনের টিকিটের সম্পূর্ণ দায়িত্ব বহন করতেন।

হিমালয় ভ্রমণের সময় বিশ্বব্রহ্মান্ড ও ক্ষুদ্র জগতের দৃষ্টি অনুযায়ী তাঁর মনে জ্ঞানযোগের শীক্ষা প্রতিফলিত হয় যে শিক্ষা তিনি পাশ্চাত্যে বক্তৃতার মধ্য দিয়ে প্রদান করেন। ১৮৯১ সালের জানুয়ারীর শেষে তিনি জয়পুর পৌছান সেখানে সংস্থৃত পন্ডিত পানিনির দ্বারা আস্থাধায়ী সম্পর্কে শিক্ষালাভ করেন।

তিনি একজন পরিব্রাজক সন্ন্যাসী হয়েও আমেদাবাদ ও পোরবন্দর এসে নয়মাস স্থায়ী হন। কেননা তিনি তাঁর দর্শনচিন্তা ও সংস্কৃত সাহিত্যকে বিখ্যাত পন্ডিতবর্গদের দ্বারা

আর সমৃদ্ধ হতে চেয়েছিলেন। এক ধর্মীয় পন্ডিতের সঙ্গে মিলিত হয়ে তিনি বেদের অনুবাদ করেন।

১৮৯২ সালে খ্রীষ্টমাসের প্রাক্কালে বিবেকানন্দ দক্ষিণভারত ভ্রমণের সময় কণ্যাকুমারী পৌছান। কন্যাকুমারিতে স্বামীজী Last bit of Indian Rock এর উপর তিনদিন ধরে ধ্যানমগ্ন হন। যেটি পরবর্তি সময়ে বিবেকানন্দ রক মেমোরিয়াল নামে পরিচিত হয়। যেখানে তিনি ভারতের দর্শন (Vision of one India) উপলব্ধি করেন। যা পরে কণ্যাকুমারী রিজলভ্ অফ ১৮৯২ নামে পরিচিত হয়।

তিনি কেপ ক্যামিরণের মাদার কুমারীর মন্দিরের মধ্যে Last Bit of Indian Rock এ বসে লিখেছিলেন - আমি একটি পরিকল্পনা করেছিলাম। আমরা এখানে অনেক সন্ন্যাসী মিলে ঘুরে ঘুরে মানুষের মধ্যে অধিবিদ্যা সম্পর্কে জ্ঞন বিতরন করেছি এগুলিছিল নিছক পাগলামি। আমাদের গুরুদেব আমাদের বলতেন খালি পেটে ধর্ম হয় না। আমরা মানুষ জাতি হিসাবে আমাদের ব্যাক্তিত্ব হারাই যা মানুষের অবনতির মূল কারণ। আমাদের উচিত ভারতের জনসাধারণকে জাগ্রত করা।

টিপ্পনী

১.২.৫. বিশ্বধর্মীয় মহাসভা :

১৮৯২ সালের প্রথমদিকে বিবেকানন্দ বিশ্বধর্মীয় মহাসভার কথা শ্রবণ করেন এবংতাঁর অনুগামীরা এখানে যোগদানের জন্য তাঁকে আহ্বান জানান। তাঁর শিষ্যরা আমেরিকা যাওয়ার জন্য অর্থসংগ্রহ করেছেন এবং ৩১ শে মে ১৮৯৩ সালে তিনি শিকাগো যাত্রা করেন।

আমেরিকায় পৌছানোর পর স্বামীজি শোনেন যে বিশ্বের ভালো কোনো প্রতিষ্ঠানের কাছ থেকে পরিচয়পত্র ছাড়া ধর্মীয়সভায় প্রতিনিধি গ্রহণযোগ্য হবে না। তখন হাবার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জন হেনরি রাইট (John Henry Wright) শোনেন যে; স্বামীজীর মহাসভায় বক্তৃতা দেওয়ার জন্য কোনো পরিচয় পত্র নেই। রাইট তখন যা বলেছিলেন - আপনার কাছে পরিচয়পত্র চাওয়া মানে সূর্যের কাছে তাঁর কিরণদানের অধিকার সম্পর্কে জিজ্ঞাসা করা। প্রতিনিধিদের দায়িত্বপ্রাপ্ত সভাপতি কে রাইট সাহেব একটি পত্র লিখে পাঠালেন যে, এখানে একজন ব্যাক্তি উপস্থিত হয়েছেন যিনি সমস্ত অধ্যাপকদের থেকেও সুশিক্ষিত।

টিপ্পনী

ভারতবর্ষ ও হিন্দুধর্মের প্রতিনিধিত্ব গ্রহণ করে স্বামীজী তাঁর বিখ্যাত বক্তৃতা শুরু করেন - ‘‘আমেরিকার ভগিণী ও ভ্রাতৃসমূহ’’ এই শব্দগুলি শোনার পর সাতহাজার মানুষ দাঁড়িয়ে তাকে সাদর অভ্যর্থনা জানান। তিনি দেশের সমস্ত কনিষ্ঠদের এই বলে অভিবাদন করেন যে এই পৃথিবীতে সন্ন্যাসীদের সবচেয়ে প্রাচীন আদেশ হল বৈদিক আদেশ একটা ধর্ম যা পৃথিবীকে সহ্যশক্তি ও সার্ব্বজনীন গ্রহণতা প্রদান করেছে। তিনি এই ক্ষেতে দুটি পন্থার কথা ভগবৎগীতা হতে উল্লেখ করেছিলেন - যেমন বিভিন্ন নদী যা ভিন্ন ভিন্ন উৎপত্তিস্থল হতে নিঃসৃত হয়ে সমুদ্রে পতিত হয়েছে - ঠিক তেমনিভাবে হে বিশ্ববিধাতা যে বিভিন্ন ধারণার দ্বারা তাড়িত হয়ে - সেগুলি সব তোমাতে গিয়েই মিলিত হয়। এবং সেভাবে বা যেরুপে আমার কাছে আসুক না কেন - আমি সেই নির্দিষ্ট জায়গায় যেতে তাঁকে সাহায্য করি। সমস্ত মানুষ যুদ্ধ করছে ভিন্ন ভিন্ন পন্থায় যা শেষপর্যন্ত আমার দ্বারা পরিচালিত হয়। যদিও এটা ছিল সামান্য বক্তৃতা কিন্তু সমস্ত জনসভাকে উদ্বেলিত করে এবং বিশ্বজনসভার অনন্য হিসাবে উপস্থাপিত হয়।

বিবেকানন্দ জনতার উচ্ছৃলতা দেখে ভীষণভাবে আকর্ষিত হন। আমেরিকার বাগ্মিতার জন্য সংবাদপত্রে তাঁকে অভিহিত করা হয় ‘‘বিশ্বজনসভায় মহানতম ব্যাক্তিত্ব হিসাবে’’ এবং ‘‘সবচেয়ে বিখ্যাত প্রভাবশালী মানুষ’’ হিসাবে। বিশ্বজনসভায় তাঁর সমস্ত বক্তৃতার মধ্যে একটি সাধারণ ব্যাপার যে তিনি ধর্মীয় সহনশীলতার উপর গুরুত্ব দিয়েছেন।

বিশ্বজনসভায় বক্তৃতাদানের পরে বিবেকানন্দ দুই বছর ধরে আমেরিকার বিভিন্ন প্রদেশে বক্তৃতা দান করে বেড়িয়েছে। স্বামীজী বলতেন - আমি কখনোই তোমাদের নতুন ধর্মে দীক্ষীত করতে আসিনি’। আমি চাই তোমরা তোমাদের ধর্মে অবিচল থাক আমি চাই যে ধর্মকর্ম অনুষ্ঠানকারি সে তাই-ই থাকুক শুধু একটু উন্নত পর্যায়ে উপনীত হোক - একজন গ্রেসবাই টেরিয়ান একজন ভালো গ্রেসবাই টেরিয়ানেই উন্নীত হোক। আমি শুধু চাই তোমরা সত্যকে গ্রহণ কর - সত্যের সঙ্গে বসবাস কর। সেই অনেকে আলোকিত হও যা তোআদের মধ্যে আত্মশুদ্ধি ঘটায়। পরবর্তিকালে তিনি নিউইর্য়কে বেদান্ত সমাহ গঠন করেন।

তিনি ইংলন্ডে দুবার ভ্রমণ করতে যান যেখানে তিনি মিস মার্গারেট নোবেলের সঙ্গে পরিচিত হন - যিনি ছিলেন একজন আইরিশ লেডি - পরবর্তীকালে তিনি ভগিনী

নিবেদিতা হিসাবে পরিচিত হন। স্বামীজী ম্যাক্স মিলারের সঙ্গেও পরিচিত হন যিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একজন বিখ্যাত ভাবাদর্শী ছিলেন - ইনি পাশ্চাত্যে প্রথম রামকৃষ্ণের জীবনী লেখেন।

পাশ্চাত্য থেকে তিনি ভারতীয় কাজকর্ম শুরু করেন তিনি তাঁর অনুগামিদের এবং গুরুভাই সন্ন্যাসীদের উপদেশ দেন - সামাজিক কাজকর্ম সংক্রান্ত অভিযান শুরু করতে প্রতিটি গরীব এবং নীচ শ্রেণির দরজায় গিয়ে গিয়ে তাদের ধর্ম সম্বন্ধে জ্ঞান প্রদান করতে হবে এই ছিল তাঁর নির্দেশ। অবশ্য এর সঙ্গে ভূগোল ও অন্যান্য বিষয় সম্পর্কে তাদের শিক্ষাদান করতে হবে। অলসভাবে বসে থাকলে কোনো দিন ভালোকিছু হতে পারে না - রামকৃষ্ণ বলতেন - "হে ভগবান" - যদি না তুমি গরীবদের ভালো কিছু করতে পারা। ১৮৯৬ সালে সাময়িক পত্রিকাতে যা 'ব্রহ্মভাদিন" নামে মাদ্রাজে পরিচিত ছিল - তা বিবেকানন্দের অর্থে নির্বাহ হত। তাঁর প্রধান উদ্দেশভ ছিল - "সবাইকে বেদান্ত শিক্ষায় শিক্ষিত করা"।

টিপ্পনী

অগ্রগতির পরীক্ষা :

১. দর্শনের ক্ষেত্রে কেন স্বামীজী নিজের জ্ঞান নিয়ে সন্তুষ্ঠ থাকতে পারেননি ?

২. বিবেকানন্দ রক্ মেমোরিয়াল তাৎপর্য কি ?

১.৩. স্বামী বিবেকানন্দের কর্মযোগ :

প্রতিটি আত্মা হল সম্ভাব্য ঈশ্বর।

বাহ্যিক ও আভ্যন্তরীণ প্রকৃতির নিয়ন্ত্রণের মধ্যে দিয়ে ঐশ্বরিকভাবে আমাদের লক্ষ্য প্রতিভাত হয়।

এই কাজটি আমরা করতে পারি কর্মের মাধ্যমে অথবা প্রার্থনার মধ্যে দিয়ে অথবা শরীর নিয়ন্ত্রণের মধ্যে দিয়ে অথবা দর্শনের মধ্যে এইভাবে একের মধ্যে যা অনেকের মধ্যে অথবা সকল কিছুর মধ্যে দিয়ে মুক্তি লাভ হবে।

"এইটিই ধর্মের সারমর্ম। বিভিন্ন মতাদর্শ, মতামত, রীতিনীতি বই মন্দির অথবা আকার হল গৌণ বিষয়।"

- স্বামী বিবেকানন্দ

টিপ্পনী

কর্মযোগ হল নৈতিকতা ও ধর্মের যা ভালো কর্ম ও পরার্থপর তার দ্বারা স্বাধীনতা বা মুক্তিলাভের সাহায্যে করবে। এটি সর্বদা প্রয়োজন নয় যে একজন কর্মযোগীকে ঈশ্বরে বিশ্বাস করতে হবে অথবা এটা আবশ্যক নয় যে তার আত্মা অধিবিদ্যা তত্ত্ব নিয়ে চিন্তা করতে। ব্যক্তির কর্মের লক্ষ্য হবে পরার্থপরতাকে অনুধাবন করা। ব্যাক্তি জীবনে প্রতিটি মুহূর্তে অনুধাবন করবে এবং সমাধান করবে একমাত্র কর্মের দ্বারা, যা কোনো মতাদর্শ ও তত্ত্ব হবে না।

প্রতিটি মুহূর্ত যে তার জীবনে উপলব্ধিতে ভরপুর হবে এটি সম্ভব শুধু তার কর্মের দ্বারা এবং এর জন্য তার কোনো মতবাদ বা দর্শনের দরকার নেই। আমরা এই একই ক্ষেত্র দেখতে পাই যখন জননী তার সন্তানের পেছনে প্রত্যেকটি কাজের কারণ ও অণুপ্রেরণা দিতে থাকেন ঠিক তেমনি ভক্তরা তাঁদের গুরুর ভালোবাসার গ্রহণে লালায়িত থাকে।

একজন কর্মযোগীর জীবনযাত্রার উপর নির্ভর করে পৃথিবী সম্পর্কে যথার্থ দৃষ্টিভঙ্গি প্রদান করতে। এই ভিত্তইটির মূল গুরুত্ব হল প্রকৃতি সম্পর্কে যথার্থ অনুধাবন করা। একমাত্র কর্মের প্তি মনোযোগের মধ্য দিয়ে যে অন্তিম পর্যায়ে উন্নিত হতে পারে।

এই জগতের প্রকৃতি হল অসম্পূর্ণ ও অসামঞ্জস্য পূর্ণ। এই অসম্পূর্ণ ও অসামঞ্জস্য পূর্ণ জগৎকে সঠিকভাবে চালানোর জন্য মানুষের মধ্যে সর্বদা প্রচেষ্ঠা লক্ষ্য করা যায়। যদিও র্দন চিন্তা দ্বারা সম্পূর্ণভাবে জগৎকে উপলব্ধি করতে না পারলেও তাৎক্ষণীক উপলব্ধি করা সম্ভব।

একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন। ব্যক্তি কি কখন নিরন্তর আনন্দ পেতে পারে? জগতের সমগ্র ভালো জিনিস মানুষের প্রয়োজন ও লাভের সঙ্গে জড়িত। এটা কখনোও বাড়বে না বা কমবে না। উদাহরণস্বরূপ বলা যায় যদি কেউ মানুষের গতিপ্রকৃতি খুব কাছ থেকে লক্ষ্য করে তাহলে দেখা যাবে সমগ্র মানবজাতি একই ধরণের দুঃখ-কষ্ট, একই ধরণের আনন্দ -ব্যাখ্যা ইত্যাদি ভোগ করছে। সকল মানুষের ক্ষেত্রে এই জিনিসগুলি একইভাবে বিরাজমান, সে তারা যে স্থানের হোক না কেন। যদিও এটা লক্ষ্যনীয় যে জগতের বিভিন্ন ধরণের আনন্দ ও দুঃখের কারণকে খুব কমলোকই ব্যাখ্যা করতে সমর্থ হয়েছে। মানব ইতিহাস লক্ষ্য করলে দেখা যাবে মানবজাতি সর্বদাই অণ্যদের দুঃখ কষ্ট নিবারণের জন্য প্রচেষ্ঠারত।

বর্তমানকালে হাজার হাজার মানুষের চাহিদা হল সাম্যের ও স্বাধীনতার প্রতি সমধর্মিতা বজায় রাখা। যদি তারা অন্ধবিশহবাস দ্বারা চালিত, সত্যিকারের সাম্যতা কোন দিন ছিল না আর হবেও না ..... তাহলে মানুষে মানুষে প্রভেদটা কোথায় ? এটি মস্তিষ্ক জনিত পার্থক্য। আমরা এই পৃথিবীতে জন্মগ্রহ করি ভিন্ন ভিন্ন প্রতিভা নিয়ে - আমরা আসি মহান মানুষ হিসাবে অথবা সাধারণ মানুষ হিসাবে এবং আমরা আমাদের সেই জন্মগত পরিবৃত্ত থেকে বার হতে পারি না - সঠিক সাম্যতা তখনই আসে যখন আমাদের মানবজীবনের সম্পূর্ণতা সম্পূর্ণভাবে শেষ হয়।

সহস্র মানুষের ধারণার উপলব্ধির জন্য তার প্রবল ইচ্ছাশক্তি কাজ করে। ঠিক যেমন এই অসাম্যই স্বয়ং সৃষ্টির জন্য প্রয়োজন তেমনি তার প্রচেষ্ঠার সীমাবদ্ধতারও প্রয়োজন। যদি ব্যাক্তির কোনো প্রচেষ্টাই না থাকে তাহলে সে মুক্ত ও ঈশ্বরের কাছে পৌছাতে পারবে না তখন আর কোনো কিছুই সৃষ্টি হবে না। এখানে দুটি শক্তির পার্থক্য যা মানুষের প্রকৃতি ও দৃষ্টিভঙ্গীকে লক্ষ্য হিসাবে সথির করে। মানুষের বন্ধন এবং স্বাধীনতার প্রতি চালনা করতে ইচ্ছাশক্তিই কর্ম করতে সাহায্য করে।

একজন কর্মযোগী জগতের প্রকৃতিকে অবশ্যই উপলব্ধি করবে এবং নিজেকে তার ইচ্ছাশক্তির দ্বারা অনুপ্রাণিত হয়ে অন্ধবিশ্বাস থেকে মুক্ত রাখবে। তিনি যদিও আনেন এই জগতের অসাম্যতা সম্পর্কে তথাপি তার ইচ্ছাশক্তি তার সহজাত প্রবৃত্তির দ্বারা পরিচালিত হবে। সে যে স্বার্থপর নয় তা তার উপলব্ধি হবে। 'স্বার্থপরতা হল অনৈতিক এবং পরার্থপরতা হল নৈতিক; এটাই একজন সত্যিকারের কর্মযোগীর লক্ষ্য। এই বাহ্যিক শক্তিই তাকে উদ্দীপিত করে কর্ম করতে যা অন্তঃসত্ত্বাকে ভালোবাসায় স্থান করে দেবে। এটা তখনই সম্ভব যখন সত্যিকারের মুক্তির নীতি অংধবিশ্বাস থেকে সম্পূর্ণ ভিন্ন হবে।

সবথেকে গুরুত্বপূর্ণ উদাহরণ হিসাবে আমরা গৌতম বুদ্ধের কথা বলতে পারি। তিনি ভগবান কোনো ধারণা প্রচার করেননি বরং তিনি উৎসাহিত করেছেন নিজের জন্য নিজের ভালো করার। তাঁকে মনে করা হয়, তিনি সর্বসময়ের উর্দ্ধে এমন একজন ভালো র্দানিক যিনি দর্শনের অর্ন্তনিহিত মতবাদ প্রচার করে গেছেন। তাঁকে আদর্শ কর্মযোগী বলে মনে করা হয়। কেননা তিনি কোনো উদ্দেশ্য ছাড়াই কর্ম করে গেছেন। একজন যোগী হিসাবে তিনিই মহান ব্যাক্তিত্বেরও অধিকারী।

টিপ্পনী

টিপ্পনী

১.৩.১. কর্ম, তার চরিত্রের উপর প্রভাব :

কর্মযোগের বিশ্বাস অণুসারে আমরা যে কাজ করি তা ককনোই নষ্ট হয় না যত সময় তার ফল ভোগ হচ্ছে। উদাহরণ স্বরূপ - একজন ব্যাক্তি যদি খারাপ কর্ম করে তাহলে যে ফল ভোগের জন্য তৈরী থাকে পৃথিবীর কোনো শক্তিই এর উপর প্রভাব বিস্তার করতে পারে না। একইরূপে যদি কেউ ভালোকর্ম করে তাহলে পৃথিবীর কোনো শক্তিই ভালো ফল লাভ থেকে বঞ্চিত করতে পারে না। 'কর্ম্ম' শব্দটি সংস্কৃত শব্দ : এতী 'কৃ' ধাতু থেকে নিষ্পন্ন যার অর্থ হল করা। যা কিছু করা হয় তাই কর্ম। এই শব্দটির আবার পারিভাষিক অর্থ কর্মফল।

মানুষের জীবনের দুঃখ, কষ্ট মানুষ তার আধ্যাত্মিক জ্ঞানের দ্বারা দূর করতে পারে। অণ্য ধরণের জ্ঞান ও আমাদের দুঃখ কষ্ঠ থেকে মুক্তি দিতে পারে তবে তা সময় সাপেক্ষ। কিন্তু একমাত্র আধ্যাত্মিক জ্ঞানই পারে দুঃখ কষ্টকে চিরতরে মুক্তি ঘটাতে। কোনো মানুষকে আধ্যাত্মিকভাবে সাআয্য করাই সবথেকে বড় সাহায্য। মহৎব্যাক্তিগণ যখন আধ্যাত্মিক জ্ঞান প্রদান কচরে থাকে তখন তাকে ঈশ্বরের দূত বলে মনে করা হয়। আমারা বিশ্বাস ককরি এরাই জগতের সবথেকে ক্ষমতাশালী - ব্যাক্তি খ। এরাই মানুষের আধ্যাত্মিক প্রয়োজনে সাহায্য করে এবং আধ্যাত্মিকতাই হলল মানব জীবনে সকল কর্মের মূল ভিত্তি। এই রকম আধ্যাত্মিক সাহায্য না পেলে মানবজীবনে মূল চাহিদা পূরণ হবে না।

আধ্যাত্মিকতার পরেই নিজের বুদ্ধিজনিত সাহায্য ভীষণভাবে উল্লেখযোগ্য। জ্ঞান এমন একটি অস্ত্র যা বিশ্বপিতা হতে প্রাপ্ত - যা কোনো খাদ্য বা পোশাকে থেকেও মূল্যবান। এটা মনে করা হয় যে জ্ঞান এমন একটি উচ্চ বস্তু যা মানুষকে জীবনশক্তি দান করে - কারণ একটি প্রকৃত জ্ঞান দ্বারা সীমাবদ্ধ। অজ্ঞতা মৃত্যুর সমতুল্য যেখানে জ্ঞানই হল জীবন। জীবনের মূল্য খুবই কম। যদি দুঃখের অনুসন্ধান কে অবজ্ঞা করা হয় তাহলে জীবন অন্ধকারাচ্ছন্নের মধ্যেই থাকবে। যখন আমাদের জীবন অণ্যকে সাহায্য করার প্রশ্ন আসে , তখন আমরা শুধুমাত্র তাকে শারীরিক / দৈহিক সাহায্য করার কথাই ভাবি - কিন্তু এটা আমরা ভুল করি, এদর একমাত্র কারণ দৈহিক সাহায্য আমাদের কোনভাবেই সন্তুষ্ট করতে পারে না - কারণ এটা হল নূনতম সাহায্য, কিন্তু শেষ সাহায্য নয়। উদাহরণ স্বরূপ

বলা যায় একজন ক্ষুধার্থ দুঃখী মানুষ যখন যে কিছু খাদ্য পায় তখন সে শান্ত হয় তার এই ক্ষুধার্থতা সময়ের সঙ্গে সঙ্গে আসে ঠিক তেমি দুঃখ ও আমাদের সকল চাহিদা যখন শেষ হয়ে যাব তখন আসে। আমরা তখনি আমাদের এই রকম (অসাধারণ) জ্ঞান ধারণ করতে সক্ষম যখন কেউ আমাদের মধ্যে থেকে আমাদের দুঃখ, কষ্ট, দারিদ্রতা দূর করতে সক্ষম হবে।

টিপ্পনী

জগতের দুঃখ থেকে মুক্তি পেতে দৈহিক / শারীরিক সাহায্যই একমাত্র প্রয়োজন নয়। যতক্ষণ না পর্যন্ত মানুষ নিজেকে পরিবর্তন করছে তত সময় পর্যন্ত দুঃখ চলতে থাকবে । শারীরিক প্রয়োজনীয়তা থাকলেই দুঃখ থাকবে কিন্তু শারীরিক প্রয়োজনীয়তা কোন কাজেই লাগে না। এই সমস্যার সমাধান করতে গেলে মানুষকে শুদ্ধ হতে হবে। যদি এই জগতকে জ্ঞানের দ্বারা আলোকিত করা যায় তাহলে সমস্ত দুঃখ দূর হবে। মানুষকে জ্ঞানের আলোকে আলোকিত হতে হবে; চরিত্রের শুদ্ধি ঘটাতে হবে তাহলেই সে আধ্যাত্মিক ভাবে শক্তিশালী হবে এবং শিক্ষিত হয়ে উঠবে আনন্দ নয়, জ্ঞানই হোল মানুষের জীবনে মূল লক্ষ্য। আনন্দ এবং দুঃখ, ব্যাখ্যা ও কষ্ট হল আমাদের শিক্ষক ; তারা আমাদের চরিত্র গঠনে সাহায্য করে। আমরা এই বলে শেষ করতে পারি যে আনন্দের থেকে কষ্টই আমাদের চরিত্র রূপায়নের সাহায্য করে।

সমস্ত জ্ঞানই মানুষের অন্তনিহিত, সকল বাহ্যিক ঘটনা উদ্দীপক হিসাবে প্রকাশ করতে সাহায্য করে। চকমকে পাথরের মধ্যে যেমন আগুন থাকে তেমন মনের মধ্যে থাকে জ্ঞান। কাজের মধ্যে দিয়েই আনন্দ অথবা কষ্ট আসে। প্রতিটি মানসিক ও দৈহিক কর্ম আত্মার দ্বারাই পরিচালিত। আত্মা থেকে জ্ঞান ও শক্তি আসে। এটাই হল কর্মের মূল প্রকৃতি ও অর্থ।

প্রতিটি কর্ম ও চিন্তা আমাদের মনে এক গভীর ছাপ ফেলে যায়। কোন নির্দিষ্ট মুহূর্তের ক্ষেত্রে এই ছাপটি আমাদের আচরণকে নির্ধারণ করে এবং সেই অণুসারে আমরা পরিস্থিতির মোকাবিলা করি । এইভাবে যে অবস্থায় আমরা জীবন অতিবাহিত করি সেইভাবেই আমাদের চরিত্র তৈরী হয়। আমাদের বর্তমানের চিন্তাই ভবিষ্যৎ কে নির্ধারণ করে। ছোট ছোট ঢেউ মিলিত হয়ে যেমন বড় ঢেউ তৈরী হয় তেমনি ছোট ছোট কাজ নিয়েই কর্ম তৈরী হয় যা আমদের ব্যাক্তিত্ব গঠনে সাহায্য করে এবং তা চরিত্র নামে পরিচিত। স্বতন্ত্র সমাজ ও জাতির বিভিন্ন রকম চাহিদা থাকে সেটা তারা বিভিন্নভাবে

টিপ্পনী

মিটিয়ে থাকে। যদিও সকল স্বতন্ত্র জাতি ও দেশের ক্ষেত্রে চরিত্র গঠনের প্রয়োজন হল সার্বিক প্রয়োজন। যদি আমরা ভালোগুণের চরিত্র প্রদান করি তাহলে মানুষের মধ্যে এমন এক সত্য মানুষ নির্গত হবে যে কেবল নিজের সমস্যার কথা না ভেবে অণ্যের সমস্যারও সমাধান করবে। মানুষকে মনে করা হয় যে যে কেন্দ্রস্থলে আছে এবং সমস্ত শক্তিকে সে নিজের দিকে আকর্ষণ করছে। সেই শক্তিগুলি একত্রিত হয়ে মনের ভিতর থেকে ইচ্ছাশক্তির প্রতিক্রিয়া হিসাবে নির্গত হচ্ছে সেটিকে আমরা চরিত্র বলি। এইরকম চরিত্রের অধিকারি হলেন গোতম বুদ্ধ ও যীশুখ্রীষ্ট্র। এই জগতে কিছু মানুষ আছে যাঁরা কাজের জন্য কাজ করেন তারা নাম খ্যাতি ও যশের উর্দ্ধে তাঁরাই হলেন মনীষী। তারা কাছ করেন কারণ সেই কাজ থেকে শুভ ইচ্ছাশক্তি বেদরিয়ে আসে। অন্য কিছু মানুষ আছেন যারা গরীবদের এবং মনুষ্যজাতির উপকার করেন কিন্তু তাদের তাতে উচ্চস্বার্থ থাকে । কারণ তারা বিশ্বাস করে ভালো করলে এবং ভালোবাসলে প্রতিদানস্বরূপ অনেককিছু পাওয়া যায়।নাম ও খ্যাতির পিছনে হোটার নিয়ম অণুযায়ি কদাচিৎ ভালো ফল আসে কিন্তু তখন অনেক দেরি হয়ে যায় এবং জীবন সম্পর্কে ভাবতে ভাবতে জীবনও শেষ হয়ে যায়।

একটি প্রশ্ন সর্বদা উঠে আসে স্বার্থসিদ্ধি ছাড়া কোন মানুষ যদি কোন কাজ করে তাহলে সে কি কোন কিছু অর্জন করতে পারে ? এটা আমরা বলতে পারি যে এই ধরণের মানুষই আপামোর মানুষের মনে স্থান করে নেয়। কর্মই কর্মের জন্য এটাই ছিল গৌতম বুদ্ধ ও যিশুখৃষ্টেদর মত মহৎ মনুষদের প্রধান কর্মবানি যার দ্বারা তারা জগতের পরিবর্তন সাধ করে ছিলেন যখন বিশ্ব প্রকৃতি নিজের নাম, খ্যাতি ও পাপের মধ্যে নিমজ্জিত ছিল। নাম ও খ্যাতি এই সমস্ত কাজ চাহিদা মাউষের নৈতিক শক্তিকে নষ্ট করে দেয় জগৎ থেকে কোন কিছু লাভ করার আগেই। কিন্তু স্বার্থ বিহীন কাজ কর্ম ভালোবাসার জন্য ও ভালো করার জন্য করা হয় - এটাই হল ইচ্ছা শক্তি ও নৈতিক শক্তির মেলবন্ধন যাদের মিলনে মহৎ বভাক্তিত্বের উদ্ভব হয়েছে । যদি কোন বাহ্যিক শক্তি স্বার্থের ছায়া পরিচালিত হয় তাহলে তার ফল স্বরূপভালো। কিছু পাওয়া যায় না। যযদি সেই শক্তিকে আমরা সংরক্ষণ করি তবে সেটি আমাদের উন্নতির কাজে লাগবে । অতি নিয়ন্ত্রণ ইচ্ছাশক্তির উদ্ভব ঘটায় যেমন যিশুখৃষ্ট ও বুদ্ধের মধ্যে অতিসংযম লক্ষকার স্বাথহীনতা ভীষণভাবে আকাঙ্খিত কিন্তু সাধারণ মানুষ স্বাথহীন কাজে মনোনিবেশ করে না, কিন্তু

এটি স্বার্থের পক্ষে লাভ জনক । ভালোবাসা, সত্য ও স্বার্থহীনতাই একমাত্র নৈতিক অলংকার নয় কিন্তু তারা একত্রই উচ্চাদর্শ তৈরী করে তবে এই তিনটি গুণের সংমিশ্রণে মানুষের নৈতিক চরিত্র শক্তিশালী হয়।

কর্ম ও কর্মফল হল ব্যাক্তি চরিত্রের সবথেকে উল্লেখযোগ্য শক্তি, এই শক্তির মূল কেন্দ্রস্থল হল মানুষ, সেখানে থেকে সকল সার্বিক শক্তিকে নজের দিকে আকর্ষণকারী ব্যাক্তি এই সমস্ত শক্তির উদ্ভব ঘটাচ্ছে । যে ব্যাক্তি এই শক্তির উদ্ভব ঘটাচ্ছে সেই হল প্রকৃত মানুষ সর্বজ্ঞ ও সর্বশক্তিমান।

আমাদের জীবনের প্রতিটি মুহূর্তই মনের ওপর ছাপ ফেলে যায়। প্রতিটি কাজ করার সঙ্গে আমাদের দেহের সার্বিক বিকাশও ঘটে। যখন আমরা চিন্তা করি তখন তারা মনের বাইরে নয় মনের গভীরে অবচেতন মনে ছাপ ফেলে যায়। মনের উপর পড়া ছাপটিই আমাদের বর্তমানকে নিরূপিত করে। আমাদের অতীত জীবনের ছাপের ফলই আমাদের বর্তমা জীবন। যদি একজন মানুষ খারাপ চিন্তা করে তাহলে তার কাজের মধ্যে খারাপ প্রতি ফলন ঘটে। সেকানে একজন গুণি মানুষের ভালো চিন্তায় প্রতিফলন তার ভালো কর্মের মধ্যেই লক্ষ্য করা যায়। চতিত্রের সত্যতাই হল বভাক্তির খ্যাতিও। যখন চরিত্র ও খ্যাতি একই হয়ে যায় তখনই আদর্শ সত্ত্বার প্রতিফলন ঘটে। গ্রীক শব্দে চরিত্রের অর্থ হল এই পৃথিবীতে কোন সত্ত্বাকে খোদাইও করা চরিত্রকে সংজ্ঞায়িত করতে গেলে বলতে হবে এমন বৈশিষ্ট্য যা একটি মানুষ থেকে আর একটি মানুষকে পৃথক করে। এই বৈশিষ্ট্যগুলি হল কোনো সত্ত্বার মানসিক ও নৈতিক গুণাবলী যেটি অভ্যাসগত বা শিক্ষাগত যা প্রকৃতি থেকে প্রাপ্ত।

স্বামী বিবেকানন্দ বলেছিলেন -

তুমি যা তাই হল চরিত্র - যা ইচ্ছাশক্তিকে উজ্জীবিত করে । তোমার ইচ্ছাশক্তিকে প্রতিনিয়িত চালিত কর যা তোমাকে অনেক উঁচুতে নিয়ে যাবে।ইহাই হল সর্বশক্তিমানতা। ইহাই হল চরিত্র যা কঠিন প্রাচীরকে বিদীর্ণ করে। এবং এর পরে তিনি চরিত্র সম্পর্কে যা নির্দেশ করেন তা হল কোনো মানুষের চরিত্র হল তার বিভিন্ন আচরণের সমষ্টি। আমাদের চিন্তাভাবনাই আমাদের তৈরী করে। স্থায়ি চিন্তাভাবনা অনেক দূর পর্যন্ত যেতে পারে। সেই জন্য তোমরা যা চিন্তাকর তা সম্পর্কে ওয়াকিবহাল হওয়া উচিত ।ন প্রত্যেকটা কাজ যা আমরাকরি প্রতিটি চিন্তা যা আমরা ভাবি সেগুলি আমরা প্রত্যেক

টিপ্পনী

টিপ্পনী

মুহূর্তে নির্ধারণ করি তার সবকিছুর ছাপ আমাদের মনের মধ্যে থেকে যায়। প্রতিটি মানুষের এই চরিত্র নির্মিত হয় এই সমস্ত ছাপ দ্বারা। যদি ভলো ছাপ থাকে তাহলে চরিত্র গুণী বা ভালো আর যদি খারাপ ছাপ থাকে তাহলে চরিত্র খারাপ হতে বাধ্য। একটি প্রশ্ন সর্বদাই উল্লিখত হয় যে শান্ত - নিঃশ্বব্ধ ও নিজ নিয়োজিত হওয়ার জন্য আধ্যাত্মিক সংযম কোথায় ? - যা মানুষকে আধ্যাত্মিক উন্তিতে সাহায্য করবে। উত্তরটা হল মানুষকে অবশ্যই শিখতে হবে। নির্জনতাকে অনুসন্ধান করতে - নিঃস্তব্ধতার মধ্যে থেকে। উদাহরণ স্বরূপ যদি কেউ একটা বড় কোললাহলপূর্ণ রাস্তার মধ্যে দিয়ে যায়এবং তার মন যদি শান্ত থাকে যেনটি একটি গুহার মধ্যে থাকলে হয় যেখানে কোনো শদই তার কাএ পৌছাবে না তাহলে যে সর্বদাই খুব একাগ্র চিত্তে কাজ করবে। ইহাই হল প্রকৃত কর্মযোগ এবং যদি তুমি এগুলো অর্জন কর তাহলে তুমি কর্মের প্রকৃত সত্য জানতে পারবে।

আমাদের সকল কাজ ও অনুভূতিতে থাকে আমাদের চোখের জল ও আমাদের হাসি, আমাদের আনন্দ ও আমাদেদর কষষ্ঠ আমাদের আনন্দ এবং খুশী, আমাদের অভিশাপ এবং আশীবাঁদ, আমাদের দোষ ও গুণ এর প্রত্যেক কিছুই আমরা লক্ষ্য করি আমাদেদর অনুসন্ধানের মধ্য দিয়ে। যেগুলি অনেক আঘাতের মধ্য দিয়ে আমরা নিয়ে চলেছি। এর ফল হল আমরা কি ? এই সকল অভিঘাতগুলোকেই আমরা একই সঙ্গে কর্ম বলি যা কাজের সঙ্গে সংযুক্ত।

১.৩.২ নিজ নিজ কর্মক্ষেত্রে প্রত্যেকেই মহান :

কর্মযোগের সর্ব্বোচ্চ ধারনাটি কখনই একজন মানুষকে নিরুৎসাহিত করা বা ঘৃণা করা উচিত নয় যে তার মূল লক্ষ্যে পৌছাতে পারেনি। এমনকি সর্বনিম্ন কাহাকেও নিন্দা করা উচিত নয়। ধরা যাক কোনো মানুষ নিজের নাম এবং যশের জণ্য স্বার্থসিদ্ধি ছাড়া কোনো কাজ য়োঝে না কিন্তু প্রতিটিমানুষের উচিত ঐ ব্যাক্তিকে বোঝা এবং উচ্চলক্ষ্যে পৌছানোর চেষ্টা করা।

শিক্ষাদানই হল অণ্যতম মহান আদর্শ। অসৎকে প্রতিহত না করা এবং এর অর্থ হল কোনো কিছু ঘৃণা অথবা হিংসা থেকে নজেকে বিরত রাখা। শিক্ষাদানের পূর্বে মানুষের প্রযোনজ্য হল বিভিন্ন গুণাবলীর সমাবেশ ঘটানো। এইগুলি ছাড়া অপ্রতিরোধ

একটি ভীতিজনক কাজ হিসাবে গণ্য হয়। এইসব মানুষের ক্ষেত্রে প্রথম নিয়ম হল তার মধ্যে প্রতিরোধ শক্তি গড়ে তোলা। যদিও এটাকে প্রথমে ব্যবহার করা উচিত তারপর যে তার শক্তিকে নিরাপদ করে তুলতে পারবে। এইভাবেই তার উচ্চ আদর্শগুলির অণুশীলন করবে। কর্তব্য ও নৈতিকতা বিভিন্ন মানুষের 'মানসিকতার' অণুযায়ী ভিন্ন ভিন্ন হয়েথাকে। ক্রমোন্নতির পর্যায়ের দ্বারাই তাদের ক্ষমতা নির্মিত হয়। তার পরবর্তী পর্যায়ে উন্নতির প্রয়োজন যদিও এটাই তার অন্তিম পর্যায় নয় এইগুলির অণুধাবন না করলে এটা হবে অণেক মানুষকে ঘৃণা করা। এটি শুধু তাই নয়, সবসময় মানুষকে অনুভব করা যে তারা সবসময় ভুল করছে এর ফলে তার প্রত্যেকটি কাজে সে দ্বিধাগ্রস্থ হয়ে যায় এবং এটি তাকে দুর্বল করে দেয়। এবং সেই নিরন্তর আত্মসমর্থন অনেক দোষের জন্ম দেয় সেই মানুষটার ক্ষেত্রে একথা প্রযোজ্য যে যে মানুষটি নিজেকে ঘৃণা করা শুরু করছের তার অবশরের পথ প্রশস্ত হয়েছে। সত্যটি একটি দেশের ক্ষেত্রেও প্রযোজ্য।

সংখ্যা দর্শন অণুসারে মানুষের দেহ ও মন গঠিত হয় প্রকৃতির সত্য, রজঃ, তমঃ এই তিন প্রকার উপাদানের সমতার দ্বারা। মানুষের চরিত্র নৈতিকতার নির্ভর করে তিনটি উপাদান পারস্পরিক প্রভাবে দ্বারা, তমঃ- অক্ষমতা ও অন্ধকারাচ্ছন্ন তাকে নির্দেশ করে, রজঃ রাগ বা আকর্ষন করে এবং সত্য, রজঃ ও তমের মধ্যে সাম্যতা বজায় রাখে।

এই তিনটি উপাদানই প্রতিটি মানুষের মধ্যে বর্তমান যখন তমঃ গুণের আধিক্য লক্ষ্য করা যায় তখন মানুষের মধ্যে আলখ্য ও অক্ষমতা লক্ষ্য করা যায়। আবার যখন রজঃগুণের আধিক্য লক্ষ্য করা যায় তখন মানুষ কর্মক্ষম হয়ে ওঠে এবং সত্য এদের দুটিরমধ্যে সমতা বজায় রাখে, এক এক মানুষের ক্ষেত্রে এক একটি গুন প্রাধান্য বিস্তার করে এবং সেই অনুসারে কোন মানুষ অলস, অক্ষম আবার কোনো মানুষ সক্রিয় কর্মঠ হয়ে ওঠে। এই পৃথক গুণের মধ্যে একটি গুণ প্রকৃতির মিষ্ঠতা, নিস্তব্ধতা, ভদ্রতা দর্শন করে সেই সত্যই সক্রিয় ও নিষ্ক্রিয় তারমধ্যে সমতা বজায় রাখে। বিভিন্ন গণের মধ্যে একটি গুণের সৃষ্ঠির সাধারণ প্রভাব লক্ষ্য করা যায় যেমন গাছ ও প্রানী।

তিনপ্রকার ঘটনা কর্মযোগের ধারনাকে বন্টন করে। এটা আমাদের ভালো কাজ ও শিক্ষা গ্রহণ করতে সাহায্য করে। মানব সমাজ এক পর্যায়ক্রমিক প্রতিষ্ঠান। যদিও আমরা কর্তব্য ও নৈতিকতাকে জানি তবুও এই নৈতিকতার ধারণাটি এক ত্রক দেশে এক এক রকম। নৈতিকতার মূল্য এক এক দেশে এক এক রকম। নৈতিকতার মূল্য এক এক

টিপ্পনী

দেশে ভিন্ন ভিন্ন ভাবে তুলনা করা হয়। যেমন কোনো দেশে পরিবারের মধ্যমে বিবাহকে নৈতিক বলা হয় আবার কোন দেশে এটি অনৈতিক।

একইভাবে কর্তব্যেদর ধারনার ও পার্থক্য আছে। যেমন কোন একটি দেশে যদি একজন মানুষ কর্মসম্পাদন করতে না পারে, তাহলে তাকে অনায্য বলে বিবেচনা করা যেতে পারে, আবার যদি সে ঐ কাজটিন সম্পাদন করে তাহলনে কিছু মানুষ তাকে ভুল বলনে। যদিও আমরা জানি কর্তব্যের একটি সার্ব্বজনীন ধারণা আছে। একইভাবে কোনো সামাজিক গোষ্ঠী যদি কোন বিষয়কে কর্তব্য বলে মনে করে অনভন আর এক গোষ্ঠী সেই বিষয়কে কর্তব্যের অংশ বলে মনে করে না। এখানে দুতি পথ যোগ্য - অজ্ঞ বা মূর্খ গোষ্ঠিদের ক্ষেত্রে এর সমাধান হলল নিজেদের মতামত যা সর্ব্বোচ্চ সত্য বলে মনে করে অন্যদের মিথ্যা বলে গণ্য করা। জ্ঞানীদের ক্ষেত্রে আবার অন্য সমাধান যদি কোন মানুষ কর্তব্য ও নৈতিকতার ধারণাকে অঞ্চল ভিত্তিক ভিন্ন ভিন্ন মনে করে তবে একই ভাবে তাদের ক্ষেত্রে সেই ঘটনার অণুধাবন করা গুরত্ব আছে। কোনো রাজ্যের কর্তব্য যদি পরিস্থিতির উপর নির্ভর করে তাহলে তা অণ্যের সঙ্গে এক হয়ে না।

অতি প্রাচীনকাল থেকে হিন্দু ধর্মীতিতে ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস এই সকল বিভিন্ন আশ্রমের জন্য বিভিন্ন। নির্দেশ দেওয়া হয়েছে। এই স্বীকৃতির মূলে আছে প্রকৃতির তিনটি গুণ সত্য, রজঃ, তমঃ এর মূল লক্ষ্য ছিল মানুষের সামনে ভালোভালো গুণের উপস্থাপন করা যেগুলি বিভিন্ন ধরণের মানুষেরা বিবতর্ণের পর্যায় অনুযায়ী গ্রহণ করবে। বিভিন্নন আশ্রম অণুসারে জীবনের প্রত্যেক স্থরে বিভিন্ন কর্তব্য উপদিষ্ট হয়েছে। এই আশ্রম গুলির মধ্যে কোনটিইন অপরাধ থেকে বড় নয়। যিনি বিবাহ না করে ধর্মকার্য্যের জন্য জীবন উৎসর্গ করেছে তাঁর জীবন তত মহৎ, বিবাহিত ব্যাক্তির জীবনও তত মহৎ। সিহাসনে আবার রাজা যেরূপ মহান ও গৌরবান্বিতরাস্তার ঐ ঝাড়ুদার ও সেইরূপ। রাজাকে তার সিংহাসন থেকে তুলে ঝাড়ুদারের কাজ করতে তিনি কতটা পারেন। আবার ঝাড়ুদারকে নিয়ে সিংহাসনে বসান - দেখ সেই বা রাজধর্ম কিরুপে চালায়। সংসারী অপেক্ষা সংসার ত্যাগী মহত্তর একথা বলা বৃথা সংসার হতে স্বতন্ত্র থেকে স্বাধীন সহজ জীবনযাপন - সংসার থেকে ঈশ্বর উপাসনা করা অনেক কশিন কাজ।

যখন অর্জুন শ্রীকৃষ্ণের কাছে জিজ্ঞাসা করল - 'এখন আমি আমার কর্তব্য সম্পর্কে দিশাহারা এবং আমার ক্ষুদ্রদৃষ্টি দুর্বলতার জন্য ধৈর্য হারিয়ে ফেলেছি। এই রকম

টিপ্পনী

পরিস্থিতিতে আমি তোমাকে জিজ্ঞাসা করছি তুমি নির্দিষ্ট করে বল আমার জন্য ভালে কি হবে ? এখন আমি তোমার শিষ্য এবং আমার আত্মাকে তোমার সমপর্ণণ করছি। অনুগ্রহ করে আমাকে নির্দেশ দাও। (ভগবতগীতা - ২১৭)

যেমন বিষ্ণু তার উত্তর নির্দিষ্ট করেছিল, শ্রীকৃষ্ণ কর্মযোগের কথা বলেন সূর্যদেবতা এবং সূর্যদেবতা তাঁর ছেলে বিশ্বত্মা মনুকে বলেন এবং এইভাবে চলেছিল। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে এটি হারিয়ে যায়। পরবর্তি সময়ে তিনি এই গোপন যোগের কথা শুধুমাত্র অর্জুনকে বলেন।

ভগবদগীতার দ্বিতীয় অধ্যায়ে শ্রীকৃষ্ণ অর্জুনকে কাপুরুষ ও কপট বলেছেন, কেননা বিপক্ষগণ আত্মীয় ও বন্ধুবান্ধব ছিলেন এবং 'অহিংসাই পরম ধর্ম, এই অজুহাতে অর্জুন তখন যুদ্ধ করা থেকে বিরত থাকতে চান। এখানে একটি প্রধান শিক্ষনীয় বিষয় যে, সকল ব্যাপারেই চরম দুটি প্রান্ত থাকে যা দেখতে একইরকম। চূড়ান্ত অস্তু ও চূড়ান্ত নাস্তি সকল সঞ্চয় সদৃশ। আলোককম্পন যখন অতি মৃদু তখন তা আমাদের দৃষ্টিগোচর হয়না, অতিদ্রুত কম্পন ও আমরা দেখতে পাইনা। শব্দ সম্বন্ধেও এইরূপ অতি নিম্ন গ্রামের শব্দ শোনা যায় না অতি উচ্চ গ্রামেদর শব্দও শোনা যায় না। প্রতিকার ও অপ্রতিকারের প্রভেদ ও এইরুপ।

মানুষ প্রতিনিয়নত প্রতিরোধ ও সপ্রতিরোধের - সংগ্রাম করে চলে। উদাহরন স্বরুপ একজন কোনো অন্যায়ের প্রতিকার করে না, কারণ যে দুর্বল অলস ও প্রতিকারে অক্ষম। আর একজন জানে যে ইচ্ছা করলে সে দুর্ণিবার আগাত হানতে পারে। তথাপি যে শুধু যে আগাত করে না তা নয় বরং শত্রুকে আশীর্বাদ করে। যে ব্যাক্তি দুর্বলতাবশতঃ প্রতিকার করে না যে পাপ করছে। সুতরাং এই অপ্রিতকর হতে যে কোনো সুফল অর্জন করতে পারে না পক্ষান্তরে অপর ব্যাক্তি যদি প্রতিকার করে তবে পাপ করবে।

যুদ্ধ নিজ সিংহাসন ও রাজপদ ত্যাগ করলেন এটা প্রকৃত ত্যাগ, কিন্তু যার ত্যাগ করার কিছুই নেই একন ভিক্ষুকর কাছে ত্যাগের কোনো কখনই উঠতে পারে না। অতএব এই অপ্রতিকর ও 'আদর্শ প্রেমের' কথা বলার সময় আমরা প্রকৃত পক্ষে কি বুঝেছি সেই দিকেই বিশেষভাবে দৃষ্টি রাখতে হবে। আগে যত্নসহকারে বুঝতে হবে প্রতিকার করার শক্তি আমার আছে কিনা। শক্তি থাকা সত্ত্বেও যদি প্রতিকারের চেষ্টা শূন্য হয় তবে আমরা বাস্তবিক অপূর্ব প্রেমের কাজ করছি; কিন্তু যদি আমাদের প্রতিকারের

টিপ্পনী

শক্তি না থাকে এবং নিজেদের মনকে বোঝাবার চেষ্টা করি যে, আমরা অতি উচ্চ প্রেমের প্রেরণার কাছ রুচি তবে আমরা ঠিক তার বিপরীত আচরণই করছি। অর্জুন ও তাঁর বিপক্ষে প্রবল ঘৈন্যবূহ সজ্জিত দেখে ভীত হয়েছিলেন। 'স্নেহ ভালোবাসা' বশতঃ তিনি দেশের ও রাজার প্রতি কর্তব্য ভুলে গেছেন। এই জন্য শ্রীকৃষ্ণ তাকে কপট বলেছেন।

টিপ্পনী

পন্ডিতের মতো কথা কলহ অথচ কাপুরুষের মত কাজ করছ, ওঠ দাঁড়াও, যুদ্ধ কর।"

এটাই কর্মযোগের প্রধান ভাব। কর্মযোগী জানের অপ্তিকারই সর্ব্বোচ্চ আদর্শ - তিনি আরও জানেন যে, ইহাই শক্তির উচ্চতম বিকাশ এবং অন্যায়ের প্রতিকার কেবল অপ্রতিকররূপ - শ্রেষ্ঠ শক্তিলাভের সোপানমাত্র। এই সর্ব্বোচ্চ আদর্শে উপনীত হওয়ার পুর্য়ে মানুষের কর্তব্য অশুভের প্রতিরোধ করা। কাজ করতে হবে সংগ্রাম করতে হবে যতদূর সাধ্য উদ্যম প্রকাশ করে আঘাত করতে হবে। এই প্রতিকারের শক্তি আরও হয়েছে তাঁর পক্ষেই প্রতিকার ধর্ম বা পূর্ণকর্ম।সর্বপ্রকার আলস্য ত্যাগ করতে হবে। ক্রিয়াশীলতা অর্থে সর্বদাই 'প্রতিরোধ' বুঝিয়ে থাকে। মানসিক ও শারীরিকন সর্বপ্রকার অসদভাবের প্রতিরোধ কর, যখন তুমি এই কার্য্যে সফল হবে তখন শান্তি আসবে। একথা লা অতি সহজ যে, "কাহাকেও ঘৃণা করিও না, কোন অমঙ্গলের প্রতিকার কর না" কিন্তু কার্যক্ষেত্রে এর কি অর্থ দাঁড়ায় তা আমরা জানি। যখন সমগ্র সমাহোর চক্ষু আমদের দিকে, তখন আমরা অপ্রতিকারের ভাব দেখতে পারি। কিন্তু বাসনা দিনরাতি দূষিত ক্ষতের মত আমাদের শরীর ক্ষয় করছে। যথার্থ অপ্রতিকর হতে প্রাণে যে শান্তি আসে, আমরা তার একান্ত অনুভব করি। মনে হয় প্রতিকার করাই ভালো দিক, তোমার যদি অর্থের বাসনা থাকে এবং যদি তুমি জান যে সমগ্র জগৎ ধনলিপ্সু পুরুষকে অসৎ লোক বলে মনে করে তবে তুমি হয়ত অর্থের অন্বেষণে প্রাণপণ চেষ্টা করতে সাহসী হবে না, কিন্তু তোমার মন দিনরাত অর্থের দিকে দৌড়াতে থাকবে এরুপভাব কপটতা মাত্র, এর দ্বারা কোনো কার্য সিদ্ধি হয় না।

প্রত্যেকেরই কর্তব্য নিজ নিজ আদর্শ জীবনে পরিণত করতে চেষ্টা করা। কোন সমাএর সকল নরনারি একই মনস্ক, একই ক্ষমতা ও একই চিন্তার অধিকারী নয় তাদের ভিন্ন ভিন্ন আদর্শ এবং আমাদের সেই আদর্শের সমালোচনা করার কোনো অধিকার নেই। সমাজে এটাই প্ররোক্ষ যে প্রতিটি মানুষ তাদের উচ্চচিন্তাতে আদেশের দ্বারা পরিচালিত

হবে এবং সেটাই হবে আদর্শ কেউ কারোর না বিচার করতে পারে না। যেমন ওক গাছের থেকে কোনো আপেল গাছ উন্নত এটা সঠিক বিচার হতে পারে না। এক্ষেত্রে সঠিক বিচার হল আপেলের দিক থেকে আপেল গাছ ভালো ওকের দিক থেকে ওক গাছ ভালো।

কর্মের নিয়ম হল কার্যকে নিয়ন্ত্রণ করা কর্মের নিয়ম এটা বিবৃত করে যে, প্রত্যেকটা - কর্মের একটি সংশ্লিষ্ট প্রতিক্রিয়া আছে। সহজ কথায় বলতে গেলে যীশুখ্রীষ্ট বলেছিলেন যা তুমি বপন করবে তারই তুমি কল পাবে। নিউটনের তৃতীয় নাতিসূত্রে একই কথা বলা হয়েছে প্রতিটি ক্রিয়ার একটি সমান ও বিপরীত ক্রিয়া আছে। কর্মের নিয়মেও এটা বলা আছে প্রতিটি ক্রিয়াও প্রতিক্রিয়া এই পৃথিবীকে নিয়ন্ত্রণ করছে। এই নিয়মকেই কর্ম বলা হয়।

কর্মের নিয়ম অনুযায়ী একটি নির্দিষ্ট অবস্থার একহনের সঠিক প্রতিক্রিয়াকে পচ্ছন্দ করার জন্য তার স্বাধীনতা থাকা উচিত । যদিও আইনের নিয়ম অনুযায়ী সাধারণভাবে এই প্রতিক্রিয়াগুলি চলে আসে। এইভাবে পরিস্থিতি আমাদের নিয়ন্ত্রণ সীমানার বাইরে চলে যায় এবং আমদের সেই পরিস্থিতির ওপর দৃষ্টি নিয়ন্ত্রণ থাকা উচিত। আমাদের কোনো স্বাধীনতা থাকে না ঐ পরিস্থিতিতে আমাদের ব্যবহারের ওপর। কোন এক সময় আমরা আমাদের পছন্দকরলেও পরিস্থিতির উপর কোনো নিয়ন্ত্রণ থাকে না। কর্মের নিয়ম অণুযায়ী পরিস্থিতি উৎপন্ন হয়।

আমরা আমাদের পচ্ছন্দ মত বীজ বপন করতে পারি, কিন্তু ফসল তোলার সময় যে ফল পাব আমাদের তাকেই গ্রহণ করতে হবে। আমরা একরকম বীজ বপন করে অন্যরকম ফল আশা করতে পারিনা। এটা আমাদের নিয়ন্ত্রণের বাইরে। এটা কর্মের নিয়মই নিয়ন্ত্রণ করে। যদি আমরা আকটি আমের বীজ বপন করি তাহলে অবশ্যই ফল হিসাবে আমই পাব। আমরা নিম বীজ বপন করলে নিম ফলই পাব। এটা বোকামো হবে যে নিম বীজ বপন করে আম ফল আশা করব। তুমি যেমন বীজ বপন করবে তেমনটি ফসল পাবে। আমরা আমাদের অতীত জীবনে যেরকম কর্ম করেছি বর্তমানে তেমনই ফল পাচ্ছি।

উদাহরণস্বরূপ আমাদের একটি দশতলা বাড়ী থেকে ঝাঁপো দেওয়ার পছন্দমতো স্বাধীনতা আছে। যাইহোক আমরা ঝাঁপ দিলাম, আমাদের নিয়ন্ত্রণের বাইরে কি ঘটতে পারে ? আমাদের পছন্দের প্রতিক্রিয়া পুরোটাই আমদের নিয়ন্ত্রণের বাইরে।

টিপ্পনী

আমরা নিশ্চিত যে আমাদের এই প্রতিক্রিয়াটি অতিত কর্মেদর সঞ্চিত ফল।

ক্রিয়া - প্রতিক্রিয়ার বিচ্ছিন্নকরণ কর্মনিয়মের ভ্রান্ত ও অসম্পূর্ণ ঘটনা। কর্মনিয়মটি চেনের মত সারিবদ্ধ থাকে বর্তমান জীবনের কাজটি তার অতীত জীবনের কর্মের দ্বারা কর্মের নিয়ম অনুসারে আমরা একটি বিষ্ময়কর মৃত্যুর ঘটনা কল্পনা করতে পারি যেখানে দেখব যে এই বস্তুপত জগতের অগণিত জীবন্ত সত্ত্বা জড়িয়ে আছে।

টিপ্পনী

ভালো কর্মের শক্তি হল নৈতিক। যদিও এটা অসংযুক্তি তেরি করে, এটি খারাপ কর্মকরার ইচ্ছাটা নষ্ট করে এবং মনও চিত্তের শুদ্ধি ঘটায়। কিন্তু যদি কোনো কাজ ইচ্ছাকৃত আনন্দের জন্য করা হয় তাহলে কেবলমাত্র খুব আনন্দই পাওয়া যাবে যা মন ও চিত্তকে শুদ্ধি ঘটাতেপারবে না। সুতরাং সকল কর্মই করতে হবে ওকোন কিছু পাওয়ার ইচ্ছাছাড়াই ইচ্ছাযুক্ত কর্ম সর্বদা কর্মযোগীকে বহিস্কার কচরে দেয় কিন্তু নফলের ইচ্ছা বিহীন কর্ম যোগীকে স্বাথহীন করে এবং সকল বন্ধন থেকে মুক্তি ঘটায়। কর্মযোগীর নীতিবাক্য হল - ''আমি নই কিন্তু তুমি'' এবং তাঁর আত্মত্যাগের কোনো সংখ্যা থাকবে না। যে যদি ফলাকাঙ্কা ছাড়া কর্ম করে তাহলে যে স্বর্গে যাবে। এবং জগৎ থেকে অনেক কিছুর প্রাপ্তি লাভ ঘটবে। যদিও এর যুক্তি পূর্ণ ব্যাখ্যা হল অস্বার্থপরতা কর্মই হল একমাত্র জ্ঞান যোগ। মানুষেদর স্বাভাবিক ধর্ম হল সকলকে ভালোবাসা এবং ভবিষ্যতের কথা না ভেবে সকলের জন্য ত্যাগ করা। কর্মযোগ সেই সকল ব্যক্তির জন্য খুবই প্রয়োজন যারা ধনসম্পত্তির বন্ধন কে সহ্য বলে মনে করে।

'নিজেকে ছাড়া অন্যকে দোষ দিও না' আমাদের এমন কোন অসুবিধার পর্যায় পড়তে হয় সেখানে বিজেকে যদি দোষী না ভাবি তাহলে নিজেদের মধ্যেই বিবাদ সৃষ্টি হয় এবং এখান ধেকেই আমরা না বুঝে মানুষ কে উত্তেজিত করি। আমরা যদি খুব আবেগ যদি খুব আবেগ পূর্ণ হই এবং পাপ কর্ম থেকে বিরত রাখি তাহলে আমাদের আচরণের মধ্যে সীমাবদ্ধ থাকে। কিছু কিছু ব্যক্তি আছে যারা অন্যকে কাছ থেকে আঘাত হয়, সেক্ষেত্রে ও তারা গর্ব করে আতিরিক্ত পরিমাণে আবেগ ধর্মী বলে। কিন্তু একজন প্রকৃত পরিণত আত্মা কখনই কোন অপমানের ছায়া অসম্মানের ছায়া, হতাশার ছায়া আগাত প্রাপ্ত হয় না ল প্রকৃত ঘটনা হল এই যে যখনই তুমি আঘাত প্রাপ্ত হচ্ছ তখই উচিত নিজেকে দোষী ভাবা। শহিদের কথা যদি আমরা বলি তাঁরা অসহষনীয় যন্ত্রণা ভোগ করে তবুও তারা শেষ নিঃশ্বাস পর্যন্ত ঈশ্বরকে প্রশংসা করে। প্রাকৃতিক কোন শক্তি

ছায়াই তারা আঘাত প্রাপ্ত হয় না। যীশুখ্রীষ্ট বলতেন তাদেরকে ভয় পেও না যারা দেহকে শেষ করে দেয় - ভয় তাদেরকে করা যারা আত্মাকে নিঃস্ব করে। নিজে ছাড়া কোন ব্যাক্তির এমন শক্তি নেই যে তোমাকে কষ্ট দেয়।

যীশুখ্রীষ্ট বলেছিলেন যে, খারাপকে প্রতিরোধ করঅবশ্যই তার শত্রুকে ভালোবাসা উচিত। যে তোমাকে অভিশাপ দেয় তাকেও ভালোবাস। তাদের ভালবাস যারা তোমাকে ঘৃণা করে এবং তাদের ঘৃণা করা যারা তোমাকে অবজ্ঞাপূর্ণভাবে ব্যবহার করে।

যদি কোনমানুষ ভগবানের পূজার দ্বারা পৃথিবী ধেকনে মুক্তি পায় তবে অবস্যই তার ভাবা উচিত হবে না যে এই পৃথিবীতে যারা বাস করে তারা ভগবান পূজা করা ছাড়া ভালো কাজ করবে, তাদের এটাই ভাবা উচিত নয় তার স্ত্রী সন্তানের জন্য জগতে বসবাস করে। তাদের সেই সকল চব্যাক্তিনিয়ে চিন্তা করা উচিত যাদের নির্দিষ্ট কোন বাসস্ধান নেই প্রত্যেকেই নিজের জায়গায় মহান। নিম্নের গল্পটি এই ধারনাটিকে বিশ্লেষন করতে সাহায্য করবে।

কোনো দেশে এক রাজা ছিলেন। তাঁর রাজ্যে সমাগত সকল সাধু সন্ন্যাসীকেই তিনি জিজ্ঞাসা করতেন, 'যে সংসার ত্যাগ করে সন্ন্যাস গ্রহন করে যে বড়, না যে গৃহে থেকে গৃহস্থের সকল কর্তব্য করে যায় সেই মহান ? অনেক বিজ্ঞ লোক এই সমস্যা মীমাংসা করার চেষ্টা করলেন কেউ কেউ বললেন, 'সন্ন্যাসী বড়'। রাজা এই বাক্যের প্রমাণ চাইলেন। যখন তাঁরা প্রমাণ দিতে অক্ষম হলেন,তখন রাজা তাঁদের বিয়ে করে গৃহস্থ হবার আদেশ দিলেন। আবার অনেকে এসে বললেন 'স্বধর্মপরায়ন গৃহস্থই বড়'। রাজা তাঁদের কাছেও প্রমাণ চাইলেন। যখন তাঁরা প্রমান দিতে পারলেন না, তখন তাঁদেরকেও তিনি গৃহস্থ করে নিজেদর রাজ্যে বাস করালেন।

অবশেষে এক যুবা সন্ন্যাসী এলেন, রাজা তাঁকেও ঐ একই প্রশ্ন করতে সন্ন্যাসী বললেন "হে রাজন নিজ নিজ কর্মক্ষেত্রে প্রত্যেকই বড়। রাজা বললেন 'একথা প্রমাণ করুণ'। সন্ন্যাসী বললেন হ্যাঁ, আমি প্রমাণ করব, তবে আসুন, কিছুদিন আপনাকে আমার মতো থাকতে হবে, তবে যা বলেছি, তা আপনার কাছে প্রমাণ করতে পারব।' রাজা সম্মত হলেন এবং সন্ন্যাসীর অনুগামী হয়ে রাজ্যের পর রাজ্য অতিক্রম করে আর এক বড় রাজ্যে উপস্থিত হলেন। সেই রাজ্যের রাজধানীতে তখন এক মহাসমারোহে ব্যাপার

টিপ্পনী

চলছিল। রাজা ও সন্ন্যাসী ঢাক ও অন্যান্য নানা প্রকার বাদ্যধ্বনী এবং ঘোষণাকারীদের চিৎকার শুনতে পেলেন। পথে লোকেরা সুসজ্জিত হয়ে কাতারে কাতারে দাঁড়িয়ে আছে। আর ঢেঁড়া পেটা হচ্ছে। রাজা ও সন্ন্যাসী দাঁড়িবে দেখতে লাগলেন ব্যাপারটা কি। ঘোষণাকারী চিৎকার করে বলছিল - 'এই দেশের রাজকণ্যা স্বয়ংবরা হবেন।'

টিপ্পনী

সিংহাসনে সমাসীনা রাজকন্যা সভায় প্রবেশ করলেন এবং বাহকগণ তাঁকে সভামধ্যে বিভিন্ন স্থানে নীয়ে যেতে লাগলেন। রাজকন্যা কারোও দিকে ভ্রুক্ষেপ করলেন না। এমন সময় এক যুবা সন্ন্যাসী সেখানে এসে উপস্থিত হলেন, তাঁর রূপের প্রভা দেখে মনে হল যেন স্বয়ং সুর্যদেব আকাশপথে ছেড়ে ধরাতলে অবতীর্ণ হয়েছেন এবং সভার এককোণে দাঁড়ীয়ে দেখছেন কি হচ্ছে। রাজকন্যাসহ সেই সিংহাসন তাঁর নিকটবর্তি হল। রাজকন্যা সেই পরম রূপবান সন্ন্যাসিকে দেখামাত্র বাহকদের থামতে বলে সন্ন্যাসীর গলায় বরমাল্য অর্পন করলেন। যুবা সন্ন্যাসী মালা ছুঁড়ে ফেলে দিলেন এও বলতে লাগলেন, 'এ কি নির্বুদ্ধিতা ! আমি সন্ন্যাসি ; আমার পক্ষে বিয়ের অর্থ কি ?' সেই দেশের রাজা মনে করলেন, লোকটি বোধহয় দরিদ্র, সেইজন্য রাজকন্যাকে বিবাহ করতে সাহস করছেন না ; তাই তিনি বললেন 'আমার কন্যার সঙ্গে তুমি এখনই অর্ধেক রাজত্ব পাবে এবং আমার মৃত্যুর পর সমগ্র রাজ্য।" এই বলে সন্নভাসির গলায় আবার মালা পরিয়ে দিলেন। 'কি কহে কথা! আমি বিয়ে করতে চাই না, তবু একি ? বলে সন্ন্যাসী পুনরায় মালা ফেলে দিতে দ্রুতপদে সেই সভা থেকে প্রস্থান করলেন।

এদিকে এই যুবকটির প্রতি রাজকন্যা এতদূর অনুরক্ত হয়েছিলেন যে, তিনি বললেন, 'হয় আমি একে বিবাহ করব, নতুবা মরব'। রাজকন্যা তাঁকে ফিরিয়ে আনার জন্য তাঁকে অলুবর্তন করলেন। তারপরে আমাদের সেই অপর সন্ন্যাসী যিনি রাজাকে যেখানে এনেছিলেন - বললেন,'চলুন রাজা আমরা এই দুজনের অলুগমন করি। এই বলে তাঁরা অনেকটা দূরে দূরে থেকে তাঁদের পেছনে পেছনে চলতে থাকলেন। কে সন্ন্যাসী রাজকুমারী পাণিগ্রহনে অসম্মত হয়েছিলেন, তিনি চলতে চলতে এক বনে প্রবেশ করলেন, রাজকন্যা তাঁর অনুগমন করলেন, অপর দুইজনও তাঁদের পিছনে পিছনে চললেন যেহেতু যুবা সন্ন্যাসীর বনের সব পথই অজানা নয় তাই কিছুক্ষন পরে তিনি অদৃশ্য হয়ে গেলেন - বনের পথে কিন্তু রাজকন্যার তো সেই পথ অজানা। তাই তিনি ভীত হয়ে পড়লেন। তখন রাজা প্রথম সন্ন্যাসী যারা এই দুজনকে অনুসরন করছিল তারা

তাঁকে আশ্বস্ত করল যে তাঁরা তাকে এই বনের বাইরে যাবার পথ দেখিয়ে দেবে। তখন তারা তিনজনেই সেই ঠান্ডার রাত্রীতে একটা গাছের নীচে আশ্রয় নিল। সেই গাছে এক পাখির বাসা ছিল। তাতে একটি ছোট পাখী, পক্ষিনী ও তাদের তিনটি ছোট ছোট শাবক ছিল। ছোট পাখিটি নিচের দিকে চেয়ে গাছের তলায় তিনজনকে দেখল এবং পক্ষিনীকে বলল, দেখ, কি করা যায় ? আমাদের ঘরে কয়েকজন অতিথি এসেছে - শীতকাল, আর আমাদের কাছেও আগুন নেই। এই বলে যে উড়ে গেল, ঠোঁটে করে একখন্ড জলন্ত কাঠ এনে তা অতিথিদের সামনে ফেলে দিল। তারা সেই অগ্নিখন্ডে কাঠকুটো দিয়ে বেশ আগুন প্রস্তুত করলেন। কিন্তু পাখীটির তাতেও তৃপ্তি হল না।সে তাঁর পত্নীকে বলল "প্রিয়ে আমরা কি করি ? এরা ক্ষুধার্ত। তাই আমি ঠিক করেছি আমি আমার শরীরটাই দেব :" এই বলে সে উড়ে গিয়ে সেই অগ্নির মধ্যে পড়ল ত মারা গেল। পক্ষীনী এই দৃশ্য দেখে ভবল এরা তিনজন রয়েছে খাবার জন্য মাত্র একা পাখী। তাই স্বামীর কথা ভাবার আমারও প্রয়োজন রয়েছে তাই আমিও নিজেকে বিসর্জন দেব। এই বলে সও নিজেকে বিসর্জন দিল। শাবক তিনটি সবই দেখল। তরা দেখল এটাও পর্যাপ্ত কাবার নয় তাই তারাও অগ্নিকুন্ডে ঝাঁপ দিতে নিজেদের বিসর্জন দিল।

